



## যুক্তরাষ্ট্র-ইরান সমঝোতায় বাধা দিচ্ছে ইসরায়েল: এরদোয়ান



তুর্কি প্রেসিডেন্ট এরদোয়ান। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সাম্প্রতিক সমঝোতা বাস্তবায়নের পথে ইসরায়েল বাধা সৃষ্টি করছে বলে অভিযোগ করেছেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান। তিনি বলেন, মধ্যপ্রাচ্যে শান্তি প্রতিষ্ঠার যেকোনো উদ্যোগে তুরস্ক সহযোগিতা করতে প্রস্তুত।

শনিবার (৪ জুলাই) ইস্তাম্বুলে পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের সঙ্গে যৌথ সংবাদ সম্মেলনে এসব কথা বলেন এরদোয়ান।

তুর্কি প্রেসিডেন্ট বলেন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে মধ্যস্থতার পুরো প্রক্রিয়া সহজ ছিল না। শুরু থেকে শেষ পর্যন্ত নানা জটিলতা ও চ্যালেঞ্জ মোকাবিলা করতে হয়েছে।

তুর্কি প্রেসিডেন্ট অভিযোগ করেন, দুই দেশের মধ্যে হওয়া সাম্প্রতিক সমঝোতা কার্যকর হওয়ার আগেই সেটিকে দুর্বল করে দেওয়ার চেষ্টা করছে ইসরায়েল।

এরদোয়ান বলেন, মধ্যপ্রাচ্যে উত্তেজনা কমিয়ে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার যেকোনো উদ্যোগে তুরস্ক ভূমিকা রাখতে প্রস্তুত। একই সঙ্গে তিনি ইসরায়েলকে এমন কোনো পদক্ষেপ থেকে বিরত থাকার আহ্বান জানান, যা আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতাকে আরও ঝুঁকির মুখে ফেলতে পারে।

বক্তব্যের একপর্যায়ে তিনি বলেন, "সিরিয়া ও লেবাননসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন অঞ্চলে চলমান সংঘাতের ওপরই ইসরায়েলের টিকে থাকা নির্ভর করছে।"